115

দৈনিক বাংলা

09 AUG 1997
তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৫

# সরকার মাদ্রাসা শিক্ষার সার্বিক উন্নয়নে দৃঢ়প্রতিজ্ঞ ঃ ধর্ম প্রতিমন্ত্রী

ধর্ম প্রতিমন্ত্রী মওলানা মুহাম্মদ নুরুল ইসলাম বলেছেন, মাদ্রাসা শিক্ষার সার্বিক উন্নয়ন ও প্রসার সাধনে বর্তমান সরকার সব রকম বাস্তব পদক্ষেপ গ্রহণ করতে দৃঢ়প্রতিজ্ঞ। খবর তথ্য বিবরণীর।

তিনি সোমবার ঢাকায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক, ওলামা ও কর্মচারী সমিতির প্রধান কার্যালয়ের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক সমিতির সিনিয়র সহভাপতি অধ্যক্ষ মওলানা মোঃ আবদুল গফুরের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সমিতির মহাসচিব পীরজাদা মওলানা কাজী সৈয়দ শরীয়ত উল্লাহ, যুগ্ম মহাসচিব অধ্যক্ষ মওলানা ফজলুল করিম এবং সহসভাপতি মওলানা নূর মোহাম্মদ রাব্বানী, অধ্যক্ষ মওলানা আবদুল মালেক ও পীরজাদা সৈয়দ দেলোয়ার হোসেন বক্তৃতা করেন।

প্রতিমন্ত্রী বলেন, মাদ্রাসা শিক্ষা ক্ষেত্রে যেসব সমস্যা ও প্রতিবন্ধকতা রয়েছে তা দূরীকরণে ইতিমধ্যেই বেশকিছু অগ্রগতি অর্জন করা সম্ভব হয়েছে। এ ব্যাপারে তিনি বলেন, বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ করার সিদ্ধান্ত, টেলিভিশনে সাধারণ শিক্ষার পাশাপাশি মাদ্রাসা শিক্ষা সম্পর্কিত প্রচার এবং মঞ্জুরীকৃত এফতেদায়ী মাদ্রাসাসমূহের শিক্ষকদের বেসরকারী প্রাইমারী শিক্ষকদের অনুরূপ বেতন প্রদানের সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছে। এছাড়া ফাজিল পাস করে এম এ. ক্লাসে ভর্তির সুযোগও দেয় হবে বলে প্রতিমন্ত্রী উল্লেখ করেন।